গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

এবং

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নাটোর জেলার মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ লা জুলাই, ২০১৯- ৩০ শে জুন, ২০২০

# সূচিপত্র

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নাটোর জেলার কর্মসম্পাদনের সার্বিকচিত্র

উপক্রমণিকা

সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠপর্যায়ে অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থা সমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নাটোর জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মধ্যে ২০১৯ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the DPHE)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

**সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জন সমূহ**

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি সংস্থা। নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়নের দায়িত্ব অর্পণ করে ১৯৩৫ সালে প্রতিষ্ঠা করা হয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। পরবর্তীতে ১৯৫৪ সালে এর সাথে যুক্ত করা হয় স্যানিটেশন সেবা প্রদানের দায়িত্ব। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা লাভের পরে সরকার প্রথমেই ধ্বংসপ্রাপ্ত পানি সরবরাহ ও স্যানিটেশন পদ্ধতিগুলো পুর্নবাসনে গুরুত্ব আরোপ এবং তৎপরবর্তীতে নতুন অবকাঠামো স্থাপন শুরু করে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের (ডিপিএইচই) মাধ্যমে, এরই ধারাবাহিকতায় বর্তমানকালে ওয়াসার আওতাধীন এলাকা ব্যতীত সমগ্রদেশের নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার দায়িত্ব অধিদপ্তরের উপর ন্যস্ত। বর্তমানে পল্লী এলাকায় প্রতি ৮৮ জনের জন্য একটি সরকারী নিরাপদ খাবার পানির উৎস রয়েছেএবং বর্তমানে পানি সরবরাহ কভারেজ ৮৮% এ উন্নীত হয়েছে। বিগত ৩(তিন) অর্থ বছরে গ্রাম, পৌর ও বস্তি এলাকায় ২০৫৩ টি বিভিন্ন প্রযুক্তির পানির উৎস, ৯টি পরীক্ষামূলক নলকূপ স্থাপন, ২৪ কিঃমিঃ বিভিন্ন ব্যসের পাইপ লাইন নির্মান করা হয়েছে । বিগত ৩(তিন) বছরে ২০৫৩ টি স্থাপিত পানির উৎসের পানির গুণগতমান পরীক্ষা করা হয়েছে, ২৫৪৪ সেট রিং-স্লাব বিতরণ ও ১৪টি কমিউনিটি টয়লেট এবং পাবলিক টয়লেট নির্মাণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ**

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতির স্থায়ী করণ ও কার্যকারিতা বৃদ্ধিকরণ। এই চ্যালেঞ্জ উত্তরণের জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতকে পৃথক সেক্টর হিসেবে স্বীকৃতি ও বিশেষ অগ্রাধিকার প্রদান পূর্বক পৃথক বাজেট বরাদ্দকরন। সামগ্রিক কাজের মনিটরিংও মূল্যায়নের জন্য প্রয়োজন সর্বজনীন কভারেজ সংজ্ঞায়িত করণ তথ্য সংগ্রহ ও সংরক্ষন।পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সঠিক ব্যবহার নিশ্চিত করণের ক্ষেত্রে প্রধান অন্তরায়/সমস্যা হল এই খাতে অপ্রতুল বাজেট বরাদ্দ।

**ভবিষ্যৎপরিকল্পনা**

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে যেমন প্রতি ৫০ জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষন, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, দেশের প্রতিটি ইউনিয়নে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন।স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীতকরণ।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:**

- পল্লী এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন–১০৭০ টি
- পল্লী এলাকায় পরীক্ষামূলক/ অবজারভেশন নলকূপ স্থাপন- ৪টি
- পল্লী ও পৌর এলাকায় পাবলিক/কমিউনিটি ল্যাট্রিন স্থাপন -০৭ টি
- পরীক্ষাগারে পানি পরীক্ষা- ১০৭০ টি

## সেকশন ১

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বাগেরহাট জেলার রূপকল্প (Vision) , অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): জনগনের জন্য সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা করা।

১.২ অভিলক্ষ্য (Mission) : সকলের জন্য পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানসমূহের এবং কমিউনিটির দক্ষতা বৃদ্ধি করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট জেলার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়ন।
২. পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন।
৩. পানির গুনগত মান নিশ্চিতকরণ।

১.৩.২ আব্যশিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতক।
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি।
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনা উন্নয়ন।

১.৪ কার্যাবলি

- পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন ।
- শহর অঞ্চলে পৌরসভায় সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারন ও কারিগারি সহায়তা প্রদান বাগেরহাট জেলায়।
- আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যাসংকুল এলাকায় নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ।
- ভূ-গর্ভস্থ ও ভূ-পৃষ্ঠস্থ নিরাপদ পানির উৎস অনুসন্ধান।
- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষনণ দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহকে (ইউনিয়ন পরিষদ ও পৌরসভা) কারিগরি সহায়তা প্রদান।
- আপতকালীন (বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) সময়ে জরুরীভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা।
- স্থানীয় সরকার, বেসরকারি উদ্দ্যেক্তা, বেসরকারি সংস্থা এবং Community Based Organization (CBO) সমূহকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নে কারিগারি পরামর্শ প্রদান, তথ্য সরবরাহ, প্রশিক্ষণ প্রদান ও
- নিরাপদ খাবার পানি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ এবং পর্যায়ক্রমে বাগেরহাট জেলার সকল এলাকায় পানি সরবরাহ ব্যবস্থার ওয়াটার সেফটি প্লান (WSP ) বাস্তবায়ন।

# সেকশন ২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০১৯-২০ Target /Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (tionProjec) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projectio) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১]পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা করা। | ৫০ | [১.১]পল্লী/পৌরএলাকায় সুপেয় পানির জন্য নলকূপ/ উৎস স্থাপন | [১.১.১] স্থাপিতনলকূপ/ উৎস | সংখ্যা | ৩০ | ৪৩৮ | ১৪২০ | ১০৭০ | ৯৬৩ | ৮৫৬ | ৭৪৯ | ৬৪২ | ৪০০ | ৩০০ |
| | | [১.২]পল্লী/পৌরএলাকায় পরীক্ষামূলক/ অবজারভেশন নলকূপ স্থাপন | [১.২.১] পরীক্ষামূলক/ অবজারভেশন নলকূপ স্থাপন | সংখ্যা | ২০ | ০ | ৩ | ৪ | ৪ | ৩ | ৩ | ২ | ৪ | ৭ |
| [২] পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন | ২০ | [২.১] পল্লী/ পৌরএলাকায় পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন স্থাপন | [২.১.১] নির্মিত পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন | সংখ্যা | ২০ | ৬ | ৪ | ৭ | ৭ | ৬ | ৬ | ৫ | ৬ | ৬ |
| [৩] পানির গুণগত মান নিশ্চিতকরণ | ১০ | [৩.১] পানির গুণগত মান পরীক্ষা/ পরিবীক্ষণ | [৩.১.১]পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা | সংখ্যা | ১০ | ৪৩৮ | ১২৮৪ | ১০৭০ | ৯৬৩ | ৮৫৬ | ৭৪৯ | ৬৪২ | ৪০০ | ৩০০ |

## মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
## (মোট মান-২০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রার মান - ২০১৯-২০ অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০ | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৬ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ সহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ০.৫ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ২৪ জুলাই, ২০১৯ | ২৯ জুলাই, ২০১৯ | ৩০ জুলাই, ২০১৯ | ৩১ জুলাই, ২০১৯ | ০১ আগস্ট, ২০১৯ |
| | | | [১.১.৪] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ১৩ জানুয়ারী, ২০২০ | ১৬ জানুয়ারী, ২০২০ | ১৭ জানুয়ারী, ২০২০ | ২০ জানুয়ারী, ২০২০ | ২১ জানুয়ারী, ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তিসংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান ও প্রতিশ্রুতি হালনাগাদ করণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রার মান - ২০১৯-২০ অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারী, ২০২০ | ০৭ ফেব্রুয়ারী, ২০২০ | ১৭ ফেব্রুয়ারী, ২০২০ | ২৮ ফেব্রুয়ারী, ২০২০ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ণ প্রকল্প বাস্তবায়ন | [২.২.১] নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১ মার্চ ২০২০ | ১৮ মার্চ ২০২০ | ২৫ মার্চ ২০২০ | ১ এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র জারী করা | [২.৩.১] পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৩.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৪] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৪.১] অফিসের সকল তথ্য হালনাগাদকৃত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনা উন্নয়ন | ৬ | [৩.১]বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১৬ আগস্ট, ২০১৯ | ২০ আগস্ট, ২০১৯ | ২৪ আগস্ট, ২০১৯ | ২৮ আগস্ট, ২০১৯ | ৩০ আগস্ট, ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমানিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারী, ২০২০ | ১১ ফেব্রুয়ারী, ২০২০ | ১৮ ফেব্রুয়ারী, ২০২০ | ২৫ ফেব্রুয়ারী, ২০২০ | ০৪ মার্চ ২০২০ |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারী, ২০২০ | ১১ ফেব্রুয়ারী, ২০২০ | ১৮ ফেব্রুয়ারী, ২০২০ | ২৫ ফেব্রুয়ারী, ২০২০ | ০৪ মার্চ ২০২০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

| কৌশলগত উদ্দেশ্য **(Strategic Objectives)** | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রার মান - ২০১৯-২০ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | [৩.৪] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৪.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নাটোর জেলা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নাটোর জেলা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ------------------------------------ | 20-06-2019<br>---------------------------- |
| নির্বাহী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>নাটোর জেলা, নাটোর। | তারিখ |
| ------------------------------------ | ২০/০৬/২০১৯<br>---------------------------- |
| প্রধান প্রকৌশলী,<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>বাংলাদেশ সরকার, ঢাকা। | তারিখ |

## সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রঃ নং | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১. | ডিপিএইচই | ডিপার্টমেন্ট অব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং |
| ২. | ওয়াসা | ওয়াটার সাপ্লাই এন্ড স্যুয়ারেজ অথরিটি |
| ৩. | কি:মি: | কিলোমিটার |
| ৪. | WSP | Water Safety Plan |
| ৫. | BRWSSP | Bangladesh Rural Water Supply And Sanitation Project |

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রঃ নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] গ্রামীণ এলাকায় সুপেয় পানির জন্য নলকূপ/ উৎসস্থাপন | [১.১]পল্লী/পৌরএলাকায় সুপেয় পানির জন্য নলকূপ/ উৎস স্থাপন | অগ্রাধিকার প্রকল্পের আওতায় নলকূপ নির্মাণ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | অধিদপ্তরীয়অগ্রগতি প্রতিবেদন | |
| | | [১.১.২] নির্মিত পরীক্ষামূলক নলকূপ | পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প আওতায় পরীক্ষামূলক নলকূপ নির্মাণ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | অধিদপ্তরীয়অগ্রগতি প্রতিবেদন | |
| ২ | [২.১] পল্লী/ পৌরএলাকায় পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন স্থাপন | [২.১.১] নির্মিত পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন | পল্লী/পৌর এলাকায় স্যানিটেশন সুবিধা নিশ্চিত করণের লক্ষ্যে পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন স্থাপন | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |
| ৩ | [৩.১] পানির গুণগত মান পরীক্ষা/ পরিবীক্ষণ | [৩.১.১] পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা | নিরাপদ পানি সরবরাহের উদ্দেশ্যে পানির সব ধরনের উৎসের নমুনা পরীক্ষাগারে পরীক্ষা করা | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |

## সংযোজনী-৩

### কর্মসম্পাদন লক্ষ্যমাত্র অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| প্রযোজ্য নয় | | | | | |

## সংযোজনী-৩

### কর্মসম্পাদন লক্ষ্যমাত্র অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| প্রযোজ্য নয় | | | | | |